গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মানুষের শিক্ষা জীবনের দৃঢ় ভিত্তি গড়ে উঠে প্রাথমিক শিক্ষার মাধ্যমে। জাতীয়ভাবে গুণগত, একীভূত ও জীবনব্যাপী প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় দায়বদ্ধ। শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার প্রধান শিক্ষকের পদকে ২য় শ্রেণিতে উন্নীতকরণসহ সহকারী শিক্ষকদের বেতনস্কেল এক ধাপ উন্নীত করেছে। শ্রেণিকক্ষের শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত হ্রাস করতে ৭৭,৯০৭ জন শিক্ষক নিয়োগ এবং ২০,৪৯৭টি শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। সকল বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালু করতে ৩৭,৬৭২টি প্রাক-প্রাথমিক শিক্ষকের পদ সৃজনপূর্বক শিক্ষক নিয়োগ করা হয়েছে। শিক্ষার্থীদের স্বাস্থ্যসচেতন করে গড়ে তুলতে ও শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ২১,৪২৩টি নলকূপ স্থাপন ও ১৯,০০০টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে। বিগত তিন বৎসর ধরে জানুয়ারির ১ তারিখে ৬,৫৬,১৮,৪৪৬ জন শিক্ষার্থীকে বিনামূল্যে চার রঙে মুদ্রিত ৩১,৭৬,৭৪,৪৪৩টি পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। ২০১৭-১৮ অর্থ বৎসরে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ১,১০,০৫৬৩ জন শিক্ষার্থীর জন্য ৯০,৮৯,৫৬৩ জন মায়ের এ্যাকাউন্টে উপবৃত্তির অর্থ প্রদান করা হয়েছে। ৩১ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিং কর্মসূচির আওতায় আনা হয়েছে। উন্নয়ন পরিকল্পনায় নেতৃত্ব সৃষ্টি ও ক্ষমতা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে ৬৩,৬৯১টি প্রাথমিক বিদ্যালয়ে "স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান" (SLIP) বাস্তবায়নের জন্য বাৎসরিক ৪০ হাজার টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে। বিগত তিন বৎসরে প্রায় ৬৬ লক্ষ ছাত্র/ছাত্রীর অংশগ্রহণে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ এবং আন্তর্জাতিক সাক্ষরতা দিবস সফলভাবে পালন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রধান চ্যালেঞ্জসমূহ হলোঃ শতভাগ শিশু ভর্তি নিশ্চিত করা, ঝরে পড়ার হার শূন্যে নিয়ে আসা এবং শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করা। এছাড়া নতুন শিক্ষক নিয়োগ ও নতুন ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন নিশ্চিত করা। শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে উদ্ভাবনী পন্থার অনুসরণে তাদের অভ্যস্ত করা। দরিদ্র অভিভাবকগণকে শিশুশ্রমে নিরুৎসাহিত করা। শিক্ষার গুণগতমান বৃদ্ধি, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

Civil Registration and Vital Statistics (CRVS) এর সাথে সম্পৃক্ততা বজায় রেখে সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেজ প্রণয়ন করা হবে। প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা এবং অবকাঠামো নির্মাণের চাহিদা নিরূপণ, পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ কার্যক্রম স্বয়ংক্রিয়করণের পদক্ষেপ গ্রহণ করা হবে। পর্যায়ক্রমে সকল বিদ্যালয়ে ডিজিটাল ইন্টারঅ্যাকটিভ মাল্টিমিডিয়া ক্লাশরুমের মাধ্যমে কনটেন্ট প্রণয়নক্রমে পাঠদানের সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করা হবে। কারিকুলাম ও শিক্ষক প্রশিক্ষণের জন্য সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও ডিপ্লোমা-ইন-প্রাইমারি এডুকেশন কোর্সের ডাবল শিফট চালু করা হবে। সকল বিদ্যালয়কে ই-মনিটরিং সিস্টেমের আওতায় আনা হবে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য ১০,০০০ শ্রেণিকক্ষ, ৭৫০ নলকূপ স্থাপন এবং ২,৯০০ ওয়াশব্লক নির্মাণ;
- ১ জানুয়ারি ২০১৯ তারিখে সকল ছাত্র-ছাত্রীর মধ্যে বিনামূল্যে নতুন পাঠ্যপুস্তক বিতরণ;
- প্রাপ্যতাযোগ্য সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান ও ২৬ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিংয়ের আওতায় আনয়ন;
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫,০০০ শিক্ষক নিয়োগ; এবং
- উপানুষ্ঠানিক শিক্ষা উন্নয়ন কার্যক্রমের ডিপিপি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

মানসম্মত প্রাক-প্রাথমিক, প্রাথমিক, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা প্রদান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগত মানোন্নয়নের মাধ্যমে সবার জন্য প্রাথমিক, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সর্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ
২. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ
৩. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ
৪. উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
২. বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন;
৩. উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির বাস্তবায়ন;
৪. প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম পরিমার্জন;
৫. প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ এবং বিতরণ; এবং
৬. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার বৃদ্ধি | প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার | % | ৭৯.৬০ | ৮০.৮০ | ৮১.০০ | ৮১.৭০ | ৮২.০০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| শিক্ষক-ছাত্র অনুপাত বৃদ্ধি | শিক্ষক-ছাত্র অনুপাত | অনুপাত | ১:৪২ | ১:৪০ | ১:৩৭ | ১:৩৬ | ১:৩৫ | জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়। সহায়তায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| সাক্ষরতার হার বৃদ্ধি | সাক্ষরতার হার | % | ৬৫.০০ | ৭২.৩ | ৭৪.০০ | ৭৫.০০ | ৭৬.০০ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও পরিসংখ্যান ব্যুরোর প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সর্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | ৩৫ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | সংখ্যা | ৫ | ৬১০২ | ৭০০০ | ১০০০০ | ৯০০০ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | ৮০০০ | ১০০০০ |
| | | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | সংখ্যা | ৫ | ৯০১৪ | ৬০০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৩০০০ | ৩৭৫০ |
| | | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | সংখ্যা | ৫ | ৪০৫৮ | ৬০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ২৫০০ | ১১৬০০ | ১৪৫০০ |
| | | [১.৪] সকল প্রাপ্যতা যোগ্য শিক্ষার্থীর জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] বৃত্তি প্রাপ্ততাযোগ্য ছাত্র-ছাত্রী | % | ৫ | ৯৮.৭৩ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.৫] শিক্ষা বৎসরের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ | [১.৫.১] নির্ধারিত তারিখে পাঠ্যপুস্তক বিতরণকৃত | তারিখ | ৪ | ০১.০১.১৭ | ০১.০১.১৮ | ০১.০১.১৯ | ০৫.০১.১৯ | | | | ০১.০১.২০ | ০১.০১.২১ |
| | | [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকারভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৩ | ২৮.৭৫ | ৩০.০০ | ২৬.০০ | ২৫.৯৫ | ২৫.৯০ | ২৫.৮৫ | ২৫.৮০ | ২৬.০০ | ২৬.০০ |
| | | [১.৭] বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১] মেরামতকৃত বিদ্যালয় | সংখ্যা | ৩ | ২১৭২৪ | ২১০০০ | ৪২০০০ | ৪১০০০ | ৪০০০০ | ৩৯০০০ | ৩৮০০০ | ৪২০০০ | ৪২০০০ |
| | | [১.৮] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ | [১.৮.১] নিয়োগপ্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ২ | ৬০৫২৪ | ১০০০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ২৬০০০০ | ২৬০০০ |
| | | [১.৯] ঝরে পড়া রোধ কল্পে সুবিধা বঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক প্রকল্প) | [১.৯.১] উপকারভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ১ | ২.৮৫ | ২.২৫ | ১.৫০ | ১.৪৫ | ১.৪০ | ১.৩৮ | ১.৩৬ | | |
| | | [১.১০] সুবিধা বঞ্চিত, হতদরিদ্র, ঝরে পরা ও শ্রমজীবি শিশু-কিশরদের প্রাথমিক শিক্ষা প্রদান | [১.১০.১] ভর্তিকৃত শিশু-কিশোর | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১ | ১৮১৩৮ | ২৮৫০০ | ৩০০০০ | ২৯৮০০ | ২৯৬০০ | ২৯৩০০ | ২৯০০০ | ৩৩০০০ | ৩৫০০০ |
| | | [১.১১] জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আয়োজন | [১.১১.১] নির্ধারিত সময়ে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আয়োজিত | তারিখ | ১ | ৩০.০৩.১৭ | ৩০.০৩.১৮ | ৩০.০৩.১৯ | ১০.০৪.১৯ | ২০.০৪.১৯ | ২৫.০৪.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৩.২০ | ৩০.০৩.২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | ২৫ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ | [২.১.১] নির্ধারিত তারিখে পরীক্ষা সম্পন্ন | তারিখ | ৫ | ৩১.১২.১৬ | ২৬.১১.১৭ | ৩০.১১.১৮ | | | | | ৩০.১১.১৯ | ৩০.১১.২০ |
| | | [২.২] প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্ন প্রবর্তিত | % | ৪ | ৬৫ | ৮০ | ১০০ | | | | | | |
| | | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপিএড প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৪ | ১০০০০ | ১০০০০ | ১২০০০ | ১১৫০০ | ১১০০০ | ১০৫০০ | ১০০০০ | ১২০০০ | ১২০০০ |
| | | [২.৪] আইসিটি প্রশিক্ষণ | [২.৪.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৪ | | | ১০০০০ | ৯৭০০ | ৯৫০০ | ৯৩০০ | ৯০০০ | ১০০০০ | ১০০০০ |
| | | [২.৫] মা সমাবেশের আয়োজন | [২.৫.১] সমাবেশ অনুষ্ঠিত | সংখ্যা (লক্ষ) | ৩ | | ২.৪৫ | ২.২০ | ২.১৫ | ২.১০ | ২.০৫ | ২.০০ | ২.২৫ | ২.৩০ |
| | | [২.৬] মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন | [২.৬.১] পরিদর্শনকৃত বিদ্যালয় | সংখ্যা (লক্ষ) | ৩ | | ৩.০০ | ৩.২০ | ৩.১৫ | ৩.১০ | ৩.০৫ | ৩.০০ | ৩.২০ | ৩.২৫ |
| | | [২.৭] "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [২.৭.১] প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ১ | | ৩১.১২.১৭ | ৩১.১২.১৮ | ১০.০১.১৯ | ২০.০১.১৯ | ২৫.০১.১৯ | ৩১.০১.১৯ | ৩১.১২.১৯ | ৩১.১২.২০ |
| | | [২.৮] বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন | [২.৮.১] নির্ধারিত সময়ে মাঠ পর্যায়ের খেলা সম্পন্ন | তারিখ | ০.৫ | ৩০.০৬.১৭ | ৩০.০৬.১৮ | ৩০.০৬.১৯ | | | | | ৩০.০৬.২০ | ৩০.০৬.২১ |
| | | [২.৯] বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন | [২.৯.১] নির্ধারিত সময়ে মাঠ পর্যায়ের খেলা সম্পন্ন | তারিখ | ০.৫ | ৩০.০৬.১৭ | ৩০.০৬.১৮ | ৩০.০৬.১৯ | | | | | ৩০.০৬.২০ | ৩০.০৬.২১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ | ১০ | [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন | [৩.১.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়িত | সংখ্যা | ৬ | ৬৩৮৬৫ | ৬৩৬৯১ | ৬৫০০০ | ৬৩০০০ | ৬১০০০ | ৫৯০০০ | ৫৭০০০ | ৬৫০০০ | ৬৫০০০ |
| | | [৩.২] ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.২.১] ই-মনিটরিং সিস্টেম চালুকৃত উপজেলা | সংখ্যা | ৪ | ৪০ | ৪০ | ৮০ | ৭৭ | ৭৫ | ৭৩ | ৭০ | ৩৪৮ | |
| [৪] উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ | ৫ | [৪.১] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন | [৪.১.১] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত | তারিখ | ৩ | ০৮.০৯.১৬ | ০৮.০৯.১৭ | ০৮.০৯.১৮ | ০৯.০৯.১৮ | ১০.০৯.১৮ | | | ০৮.০৯.১৯ | ০৮.০৯.২০ |
| | | [৪.২] উপানুষ্ঠানিক শিক্ষা উন্নয়ন কার্যক্রমের ডিপিপি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ | [৪.২.১] নির্ধারিত সময়ে ডিপিপি প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত | তারিখ | ২ | | | ০১.০৫.১৯ | ১৫.০৫.১৯ | ০১.০৬.১৯ | ১৫.০৬.১৯ | ৩০.০৬.১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [২.৬.১] নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৮ | ২৯.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | ১৩.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [৪] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | | | ২৪.০৬.১৮ | ২৬.০৬.১৮ | ২৮.০৬.১৮ | | | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | [৪.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৯.০৮.১৮ | ২৭.০৮.১৮ | ২৯.০৮.১৮ | ০৩.০৯.১৮ | ০৫.০৯.১৮ | | |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ০৭.০২.১৯ | ১০.০২.১৯ | ১১.০২.১৯ | ১৪.০২.১৯ | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | | | ৬০ | - | - | - | - | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৪.০৭.২০১৮

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

তারিখ

০৪.০৭.২০১৮

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২ | প্রাশিঅ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৩ | নেপ | ন্যাশনাল একাডেমী ফর প্রাইমারি এডুকেশন |
| ৪ | বিএনএফই | ব্যুরো অব নন-ফরমাল এডুকেশন |
| ৫ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৬ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৭ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৮ | এনসিটিবি | ন্যাশনাল কারিকুলাম এ্যান্ড টেক্সট বুক বোর্ড |
| ৯ | আইইআর | ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চ |
| ১০ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিসটিকস |
| ১১ | রস্ক | রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্প |
| ১২ | পিইসিই | প্রাইমারি এডুকেশন কমপ্লিশন এক্সামিনেশন |
| ১৩ | ডিপ-ইন-এড | ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন |
| ১৪ | এপিএসসি | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস |
| ১৫ | পিটিআই | প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট |
| ১৬ | স্লিপ | স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | জরাজীর্ণ এবং জনাকীর্ণ বিদ্যালয় গুলিতে ৫০ জন শিক্ষার্থীকে একসঙ্গে পাঠদান করানো যায় এমন শ্রেণিকক্ষ নির্মাণ। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | এলজিইডি'র কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | প্রকৃত চাহিদার ভিত্তিতে বিশুদ্ধ এবং আর্সেনিকমুক্ত খাবার পানি সরবরাহের লক্ষ্যে গভীর/অগভীর নলকূপ এবং তারা পাম্প স্থাপন। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | পিইডিপি ৪ এর আওতায় ৩টি টয়লেট, ২টি প্রশ্রাবখানা এবং হাত-পা ধোয়ার সুবিধা সংবলিত ওয়াশব্লক নির্মাণ। উল্লেখ্য, প্রতি বিদ্যালয়ে ২টি ওয়াশব্লক (একটি ছাত্র ও পুরুষ শিক্ষকদের জন্য এবং অপরটি ছাত্রি ও মহিলা শিক্ষকদের জন্য) থাকবে। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৪] সকল প্রাপ্যতা যোগ্য শিক্ষার্থীর জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] বৃত্তি প্রাপ্ততাযোগ্য ছাত্র-ছাত্রী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পড়া রোধ কল্পে উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় সকল প্রাপ্যতাযোগ্য শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তি প্রদান। | প্রকল্প পরিচালক, উপবৃত্তি প্রদান প্রকল্প; প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | উপবৃত্তি প্রদানের সাথে সংশ্লিষ্ট ব্যাংকের হালনাগাদ তথ্য ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস। | প্রকল্প পরিচালকের প্রতিবেদন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৫] শিক্ষা বৎসরের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ | [১.৫.১] নির্ধারিত তারিখে পাঠ্যপুস্তক বিতরণকৃত | প্রতি বৎসর ১ জানুয়ারি তারিখে সকল শিক্ষার্থীর নিকট বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে বই বিতরণ সম্পর্কিত হালনাগাদ তথ্য এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকারভোগী শিক্ষার্থী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়ে পড়া রোধ কল্পে প্রতি শিক্ষার্থী প্রতি উচ্চ পুষ্টিমান সম্পন্ন ৭৫ গ্রাম বিস্কুট প্রদান। | প্রকল্প পরিচালক, স্কুল ফিডিং প্রোগ্রাম; প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস ও প্রকল্প পরিচালকের প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৭] বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১] মেরামতকৃত বিদ্যালয় | পিইডিপি-৪ এর আওতায় চাহিদা মোতাবেক বড়/ছোট ধরনের মেরামত ও সংস্কার। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এলজিইডি-এর কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য ও মন্ত্রণালয় কর্তৃক অর্থ ছাড়ের তথ্য | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ | [১.৮.১] নিয়োগপ্রাপ্ত শিক্ষক | নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহের জন্য এবং পেনশন জনিত কারনে শূন্য হওয়া সহকারী শিক্ষক পদের নিয়োগ প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিজস্ব উদ্যোগে। | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৯] ঝরে পড়া রোধ কল্পে সুবিধা বঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক প্রকল্প) | [১.৯.১] উপকারভোগী শিক্ষার্থী | সুবিধা বঞ্চিত এবং ঝড়ে পরা শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার জন্য শিক্ষা সহায়তা প্রদান। | প্রকল্প পরিচালক, রস্ক প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও প্রকল্প পরিচালকের কার্যালয়ের প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [১.১০] সুবিধা বঞ্চিত, হতদরিদ্র, ঝরে পরা ও শ্রমজীবি শিশু-কিশরদের প্রাথমিক শিক্ষা প্রদান | [১.১০.১] ভর্তিকৃত শিশু-কিশোর | শিক্ষার সুযোগ সুবিধা সম্প্রসারণ ও গুনগত মানোন্নয়নের মাধ্যমে সুবিধা বঞ্চিত, হত দরিদ্র, ঝরেপরা ও শ্রমজীবি শিশু কিশোরদের প্রাথমিক ও মৌলিক শিক্ষা প্রদান। | শিশু কল্যাণ ট্রাস্ট। | শিশু কল্যাণ ট্রাস্টের হালনাগাদ তথ্য। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং শিশু কল্যাণ ট্রাস্টের বার্ষিক প্রতিবেদন। |
| [১.১১] জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আয়োজন | [১.১১.১] নির্ধারিত সময়ে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আয়োজিত | প্রতি বছর জানুয়ারি-৩০ মার্চ সময়কালে (নির্ধারিত সময়ে) সকল প্রাথমিক বিদ্যালয়ের অংশগ্রহণে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের কর্মসূচিসমূহ সম্পন্ন করা। | প্রাথমিক বিদ্যালয়, উপজেলা/থানা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ | [২.১.১] নির্ধারিত তারিখে পরীক্ষা সম্পন্ন | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষার মানে সমতা আনয়নের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা গ্রহণ। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত চূড়ান্ত ফলাফলের প্রতিবেদন ও এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্ন প্রবর্তিত | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন এবং ২০১৮ সালের মধ্যে ১০০% যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন। | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীর সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী কর্তৃক প্রণীত প্রশ্নপত্রের ধরণ বিশ্লেষন প্রতিবে.। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপিএড প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | প্রতিটি পিটিআই-এ ২০০ জন হিসাবে ৫৫ টি পিটিআই-এ মোট ১১০০০ শিক্ষককে ১২ মাস মেয়াদি সি-ইন-এড ও ১৮ মাস মেয়াদি ডিপিএড প্রশিক্ষণ প্রদান | পিটিআইয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | প্রশিক্ষনার্থীর কোর্স সমাপ্তির তালিকা ও অর্থ ছাড়ের তথ্য। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৪] আইসিটি প্রশিক্ষণ | [২.৪.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | শিক্ষকদের কনটেন্ট প্রনয়ণপূর্বক পাঠদানে দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৫] মা সমাবেশের আয়োজন | [২.৫.১] সমাবেশ অনুষ্ঠিত | প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়ন অভিভাবকদের মতামত গ্রহণ ও উক্ত মতামতের আলোকে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিয়মিত মা সমাবেশের আয়োজন। | প্রাথমিক বিদ্যালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | সমাবেশ সংখ্যা ও সমাবেশের সুপারিশ। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৬] মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন | [২.৬.১] পরিদর্শনকৃত বিদ্যালয় | মানসম্মত পাঠদান নিশ্চিত করা, শিক্ষক-শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিতসহ প্রাথমিক শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করা। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | পরিদর্শনকৃত বিদ্যালয়ের সংখ্যা ও পরিদর্শন প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৭] "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [২.৭.১] প্রতিবেদন প্রকাশিত | প্রাথমিক শিক্ষার গুনগত মান নিশ্চিত কল্পে ব্যবস্থাপনা পরিকল্পনা ও কাজের জন্য প্রকৃত পরিসংখ্যান প্রণয়ন। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | প্রতিবেদন প্রকাশের তারিখ ও প্রকাশিত প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৮] বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন | [২.৮.১] নির্ধারিত সময়ে মাঠ পর্যায়ের খেলা সম্পন্ন | প্রতিবছর এপ্রিল-৩০ জুন সময়কালে (নির্ধারিত সময়) সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের অংগ্রহণে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট সম্পন্নকরণ। | প্রাথমিক বিদ্যালয়, উপজেলা/থানা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৯] বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন | [২.৯.১] নির্ধারিত সময়ে মাঠ পর্যায়ের খেলা সম্পন্ন | প্রতিবছর এপ্রিল-৩০ জুন সময়কালে (নির্ধারিত সময়) সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রীদের অংগ্রহণে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট সম্পন্নকরণ। | প্রাথমিক বিদ্যালয়, উপজেলা/থানা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন | [৩.১.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়িত | প্রতিবৎসর বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রতিটি বিদ্যালয়ে বাৎসরিক স্লিপ ফান্ডের মাধ্যমে ৪০ হাজার টাকা করে প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | অর্থ ছাড়ের তথ্য ও কর্মসম্পাদনের প্রতিবেদন এবং এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.২] ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.২.১] ই-মনিটরিং সিস্টেম চালুকৃত উপজেলা | প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়নের জন্য উপজেলা ভিত্তিক ইলেকট্রনিক পর্যবেক্ষণ কার্যক্রম জোরদার করা। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | এতদ্‌সংক্রান্ত সফট্‌ওয়্যার প্রণয়ন প্রতিবেদন। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.১] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন | [৪.১.১] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত | প্রতিবছর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন করা। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বার্ষিক প্রতিবেদন। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বার্ষিক প্রতিবেদন। |
| [৪.২] উপানুষ্ঠানিক শিক্ষা উন্নয়ন কার্যক্রমের ডিপিপি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ | [৪.২.১] নির্ধারিত সময়ে ডিপিপি প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত | উপানুষ্ঠানিক শিক্ষা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন ও প্রক্রিয়া করা। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বার্ষিক প্রতিবেদন। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বার্ষিক প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ডিপার্টমেন্ট | জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড | নির্ধারিত তারিখে পাঠ্যপুস্তক বিতরণকৃত | পাঠ্যপুস্তক মুদ্রণের জন্য টেন্ডার আহবান, বিল প্রদান নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও সরবরাহ। | পাঠ্যপুস্তক মুদ্রণের জন্য টেন্ডার আহবান, বিল প্রদান ইত্যাদি কাজ এনসিটিবি কর্তৃক সম্পন্ন করা হয়। | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক বিতরণ করা সম্ভব হবে না। |
| ডিপার্টমেন্ট | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | মেরামতকৃত বিদ্যালয় | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও মেরামত কাজ সম্পন্ন। | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদন করা হয়। মেরামত কাজের টেন্ডার আহবান হতে বিল প্রদান কার্যক্রম এলজিইডি কর্তৃক সম্পন্ন করা হয়। | বিদ্যালয়ে পাঠদান পরিবেশ নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| ডিপার্টমেন্ট | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | নির্মিত শ্রেণিকক্ষ | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও মেরামত কাজ সম্পন্ন। | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদন করা হয়। মেরামত কাজের টেন্ডার আহবান হতে বিল প্রদান কার্যক্রম এলজিইডি কর্তৃক সম্পন্ন করা হয়। | বিদ্যালয়ে পাঠদান পরিবেশ নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| ডিপার্টমেন্ট | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | নির্মিত ওয়াশব্লক | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ সম্পন্ন | মাঠ পর্যায় থেকে প্রদত্ত তালিক মন্ত্রণালয় থেকে অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান, বিল প্রদান ইত্যাদি) ডিপিএইচই কর্তৃক সম্পন্ন করা হয়। | সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| ডিপার্টমেন্ট | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | স্থাপিত নলকূপ | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ সম্পন্ন | মাঠ পর্যায় থেকে প্রদত্ত তালিক মন্ত্রণালয় থেকে অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান, বিল প্রদান ইত্যাদি) ডিপিএইচই কর্তৃক সম্পন্ন করা হয়। | সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |